



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ১৬.০৮.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা/টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ/ প্রচারার্থে।

বিষয়: ইউপি সদস্য কর্তৃক গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার ফুলবাড়িয়া ইউনিয়নের শিমুলিয়া গ্রামে ৮ম শ্রেণীর শিক্ষার্থীকে মিথ্যা অপবাদ দিয়ে নির্মমভাবে পিটিয়ে এক তরুণের সঙ্গে বলপূর্বক বিয়ে দেয়ার ঘটনা এবং মানিকগঞ্জ জেলার সাটুরিয়ায় ভিজিএফ কার্ড প্রার্থী নারীকে ইউপি সদস্য কর্তৃক ধর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

গত ১৪ আগস্ট, ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে- গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার ফুলবাড়িয়া ইউনিয়নের শিমুলিয়া গ্রামে স্থানীয় এক ইউপি সদস্য কর্তৃক বর্ষণ সম্প্রদায়ের এক শিক্ষার্থীকে মিথ্যা অপবাদ দিয়ে নির্মমভাবে পিটিয়ে এক তরুণের সঙ্গে বিয়ে দেয়ার ঘটনা ঘটেছে। জানা যায়, গত ২৬ মে ওই শিক্ষার্থীর বাড়িতে একই এলাকার হবুরচালা গ্রামের তরুণ চন্দ্র বর্মন বেড়াতে যায়। ওই সময় তরুণ বর্মনসহ শিক্ষার্থী তাঁর দাদির সঙ্গে ঘরে বসে গল্প করছিলেন। এ সময় স্থানীয় ইউপি সদস্য জাহাঙ্গীর আলম তার সহযোগীদের নিয়ে ওই শিক্ষার্থীর বাড়িতে যায়। ওই শিক্ষার্থী তরুণ চন্দ্র বর্মন নামের তরুণের সঙ্গে খারাপ কাজ করেছেন অপবাদ দিয়ে স্থানীয় ইউপি সদস্য জাহাঙ্গীর আলম ও কয়েকজন গ্রাম্য মাতব্বর মেয়েটির চুলের মুঠি ধরে চড়-থাপ্পড় দিয়ে লাঠি দিয়ে একের পর আঘাত করলে মেয়েটি খাট থেকে পড়ে গেলে সেখান থেকে চুল ধরে টেনে তুলে আবার মারধর করে। তাঁদের মারধর করে বিয়ে দেন ইউপি সদস্য জাহাঙ্গীর আলম।

গত ১২ আগস্ট, ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে- মানিকগঞ্জ জেলার সাটুরিয়ায় ভিজিএফ কার্ড প্রার্থী গৃহবধূকে ইউপি সদস্য কর্তৃক ধর্ষণের ঘটনা ঘটেছে। জানা যায়, ইউপি সদস্যের কাছে ১০ টাকা কেজিতে চাল পাওয়ার জন্য ভিজিএফ কার্ড চেয়েছিলেন দরিদ্র এক গৃহবধূ। 'দিই, দিচ্ছি' বলে কালক্ষেপণ করেন ওই জনপ্রতিনিধি। অবশেষে কুমতলব নিয়ে মঙ্গলবার রাতে কার্ড দেওয়ার নাম করে গৃহবধূর বাড়িতে হাজির হন ইউপি সদস্য সেখানে তিনি ওই গৃহবধূকে ধর্ষণ করেন। ভুক্তভোগীর চিৎকারে প্রতিবেশীরা আটক করে ইউপি সদস্য দেলোয়ার হোসাইনকে।

বাংলাদেশ মহিলা পরিষদ নির্বাচিত জনপ্রতিনিধি ইউপি সদস্য কর্তৃক ৮ম শ্রেণীর শিক্ষার্থীকে মিথ্যা অপবাদ দিয়ে নির্মমভাবে পিটিয়ে এক তরুণের সঙ্গে বলপূর্বক বিয়ে দেয়ার ঘটনা এবং ভিজিএফ কার্ড প্রার্থী নারীকে ধর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। নির্বাচিত জনপ্রতিনিধি যাদের জনগণের পাশে থাকার কথা তাদের দ্বারা কি না সংঘটিত হচ্ছে এ ধরনের বর্বর ঘটনা।

উপরোল্লিখিত ঘটনাদ্বয়ের সাথে জড়িত ইউপি সদস্যদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণসহ তাদের ও তাদের সহযোগীদের বিচারের আওতায় আনার দাবি জানাচ্ছে। ঘটনাদ্বয়ের সাথে জড়িতদের বিরুদ্ধে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাচ্ছে।

বাংলাদেশ মহিলা পরিষদ ঘটনার শিকার শিক্ষার্থী ও গৃহবধূর সুচিকিৎসাসহ তাদের ও তাদের পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধ জানাচ্ছে। সেইসাথে নির্বাচিত জনপ্রতিনিধিদের দায়বদ্ধতা নিশ্চিতকরণ এবং এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নিকট অনুরোধ জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফর্জিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ